

# প্রথম আলো

## একাডেমিক সহযোগিতায় চুক্তি করল ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও ইউনিভার্সিটি অব লিংকন

প্রথম আলো  
প্রকাশ: ৩১ মার্চ ২০২২



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভিনসেন্ট চ্যাং (ডানে) ও ইউনিভার্সিটি অব লিংকনের উপাচার্য নিল জাস্টার একাডেমিক সহযোগিতামূলক চুক্তিতে স্বাক্ষর করেন। ছবি: সংগৃহীত

ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব লিংকনের মধ্যে একাডেমিক সহযোগিতামূলক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভিনসেন্ট চ্যাং ও ইউনিভার্সিটি অব লিংকনের উপাচার্য নিল জাস্টার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

গতকাল বুধবার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ইউনিভার্সিটি অব লিংকনের আমন্ত্রণে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভিনসেন্ট চ্যাং বিশ্ববিদ্যালয়টি সফর করেন। এ সময় দুই পক্ষের মধ্যে চুক্তিটি হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, চুক্তি অনুযায়ী, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলরস অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিগ্রি নিয়ে পড়ালেখা শুরু করা শিক্ষার্থীরা স্কলারশিপসহ তাঁদের ডিগ্রি ইউনিভার্সিটি অব লিংকনে শেষ করতে পারবেন।

এ ছাড়া চুক্তি অনুযায়ী, যৌথ গবেষণা ও পাবলিকেশনসের অগ্রগতি, দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও প্রশাসনিক কর্মকর্তাদের মধ্যে দক্ষতা বিনিময়, প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ যৌথ উদ্যোগের সুযোগ এবং যৌথভাবে পিএইচডি ডিগ্রি তত্ত্বাবধান করার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় দুটি এক অপরকে সহায়তা করবে। একই সঙ্গে ব্র্যাক বিজনেস স্কুলের শিক্ষকদের সহায়তা করবে ইউনিভার্সিটি অব লিংকন।

ইউনিভার্সিটি অব লিংকন কর্তৃপক্ষ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভিনসেন্ট চ্যাংয়ের সফরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে উল্লেখ করেছে। অপর দিকে চ্যাং এ সফরকে তাঁর বিশ্ববিদ্যালয়ের জন্য 'অত্যন্ত তাৎপর্যপূর্ণ' বলে অভিহিত করেছেন।